



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

RESERVE BANK OF INDIA

www.rbi.org.in

আরবিআই/২০১১-১২/৫২৮

ডিবিওডি.এমএল.বিসি.নং. ৯৭/১৪.০১.০০১/২০১১-১২

এপ্রিল ২৭, ২০১২

সভাপতি / মুখ্য নির্বাহী অধিকর্তা,
সব ভূমিসিলভুক্ত বানিজ্যিক ব্যাঙ্ক (আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কগুলি ব্যতীত)/লোকাল এরিয়া ব্যাঙ্কসমূহ

প্রিয় মহাশয়,

অন্তঃ ব্যাঙ্ক আমানত একাউন্টের স্থানান্তরন

আমাদের অবগতিতে আনা হয়েছে যে কোনও কোনও ব্যাঙ্ক গ্রাহকগণকে নতুন একাউন্ট খুলতে জোর করছে যখন গ্রাহকরা তাঁদের একাউন্ট ওই একই ব্যাঙ্কের একটি শাখা থেকে অপর একটি শাখায় স্থানান্তরিত করতে তাদের কাছে আসছেন। নতুন একাউন্ট খোলার জন্য এধরনের পীড়াপীড়ি অথবা আবার গ্রাহককে পুরো কেওয়াইসি পদ্ধতির মধ্যে দিয়ে যেতে বাধ্য করা তাঁদের অসুবিধার কারণ ঘটায় যার ফলশ্রুতি খারাপ গ্রাহক পরিষেবা। এটা যুক্তিসঙ্গত নয় কেন না অধিকাংশ ব্যাঙ্কের শাখা সিবিএসের অধীনে এবং কোনও বিশেষ গ্রাহকের কেওয়াইসি বিবরণ ব্যাঙ্কের যে কোনও শাখা থেকেই পাওয়া যায়।

২. ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যে ব্যাঙ্কের যে কোনও শাখায় কেওয়াইসি একবার করা হয়ে গিয়ে থাকলে ব্যাঙ্কের ভিতরে একাউন্ট স্থানান্তরনের জন্য তা স্বীকৃত হবে যতক্ষণ পর্যন্ত সংশ্লিষ্ট একাউন্টের জন্য পূর্ণ কেওয়াইসি করা হয়ে থাকবে। গ্রাহককে তাঁর একাউন্ট এক শাখা থেকে অন্য শাখায় বাধা নিষেধ ছাড়াই স্থানান্তরিত করার অনুমতি দেওয়া হবে। যে শাখায় স্থানান্তরিত হচ্ছে সেই শাখা ওইরূপ স্থানান্তরের জন্য কোনও ব্যক্তির কেওয়াইসি পালন করতে সঠিক ঠিকানার প্রয়োজনে ওই ব্যক্তির (স্ত্রী/পুরুষ) নতুন করে ঠিকানা-প্রমাণ চাইবে। অনুধাবনযোগ্য যে জুলাই ০১, ২০১১ তারিখের মূল সার্কুলার ডিবিওডি.এমএল.বিসি.নং.২/১৪.০১.০০১/২০০৯-১০-এর অনুচ্ছেদ ২.৪ (ই) অনুসারে সময়ে সময়ে কেওয়াইসি-এর তথ্যসমূহের হালনাগাদ করা সংক্রান্ত নির্দেশাবলী এবং অনুচ্ছেদ ২.২১ (iii) অনুসারে লেনদেন এবং পরিচয়ের বিবরণ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি অপরিবর্তিত থাকবে এবং ব্যাঙ্ককে নির্দিষ্ট সময় অন্তর হালনাগাদ করা এবং পরিচয়ের সত্যতা যাচাই এবং লেনদেনের বিবরণ রক্ষণাবেক্ষণের কাজ প্রস্তুত মতো চালিয়ে যেতে হবে।

৩. অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,

(সুধা দামোদর)
মুখ্য মহা প্রবন্ধক